দৈনিক ইত্তেফাক

তারিখ 2 4 JAN 2007
পৃষ্ঠা ২২ কলাম ৫

# মহাদেবপুরে মাধ্যমিক বিদ্যালয়গুলোতে কম্পিউটার শিক্ষার বেহাল অবস্থা

॥ মহাদেবপুর (নওগাঁও) থেকে সংবাদদাতা ॥

উপজেলার মাধ্যমিক বিদ্যালয়গুলোতে কম্পিউটার শিক্ষার ক্ষেত্রে বেহাল দশা বিরাজ করছে। প্রয়োজনীয় কম্পিউটার ও বিদ্যুতের অভাবে এসব বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা বঞ্চিত হচ্ছে কম্পিউটার শিক্ষা থেকে। অনেক স্কুলে বিদ্যুৎ না থাকলেও কম্পিউটার বিষয় খোলার অনুমতি পেয়েছে। শিক্ষা বোর্ড ও সংশ্লিষ্ট বিভাগের অসাধু কর্মকর্তাদের ম্যানেজ করে এসব স্কুলে কম্পিউটার বিষয় খোলার অনুমতি নিয়ে শিক্ষক নিয়োগ দেওয়া হলেও কম্পিউার শিক্ষার কোন পরিবেশ নেই।

আবার অনেক স্কুলে বিদ্যুৎ সংযোগ থাকলেও নেই কোন কম্পিউটার সেট। ফলে ছাত্র-ছাত্রীরা বই পড়ে কিছুটা জ্ঞান অর্জন করতে পারলেও ব্যবহারিক শিক্ষা থেকে বঞ্চিত হচ্ছে। অভিযোগ রয়েছে অনেক স্কুল কম্পিউটার ক্রয়ের জন্য সরকারি অনুদান পেলেও কম্পিউটার না কিনে সে টাকা আত্মসাৎ করা হয়েছে।

রসুলপুর উচ্চ বিদ্যালয়, পাহারপুর বালিকা উচ্চ বিদ্যালয় ও প্রসাদপুর দাখিল মাদ্রাসা ঘুরে দেখা গেছে, এসব স্কুলে কম্পিউটার বিষয় খোলা হলেও কোন কম্পিউটার সেট নেই। নেই কোন কম্পিউটার ল্যাব। কম্পিউটার শিক্ষক শুধুমাত্র বসে থেকে মাসের পর মাস বেতন তুলছেন বলে অভিযোগ পাওয়া গেছে।